দৈনিক জনকণ্ঠ

তারিখ 22 APR 2013
পৃষ্ঠা ১৪ কলাম ৮

জাতীয় বিশ্ববিদ্যালয়

# ২০১৩ সালের অনার্স ২য় বর্ষের পরীক্ষা আজ থেকে শুরু

নিজস্ব সংবাদদাতা, গাজীপুর, ২১ এপ্রিল ॥ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৩' সালের ২য় বর্ষ অনার্স পরীক্ষা পূর্বঘোষিত সময়সূচী অনুযায়ী আজ থেকে শুরু হচ্ছে। সারাদেশের ৪১৭টি কলেজের ১শ' ৭১টি কেন্দ্রে সর্বমোট ২ লাখ ২৫ হাজার ৫ পরীক্ষার্থী ৩০টি বিষয়ে পরীক্ষায় অংশ গ্রহণ করবে। পরীক্ষা অনুষ্ঠানের লক্ষ্যে যাবতীয় প্রস্তুতি ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সুষ্ঠুভাবে পরীক্ষা অনুষ্ঠানে প্রশাসন, সংশ্লিষ্ট কলেজ, শিক্ষক, শিক্ষার্থী এবং অভিভাবকগণের সহযোগিতা কামনা করছে। উল্লেখ্য, বিশ্ববিদ্যালয়ের অন্য সকল পরীক্ষা যথা নিয়মে সময়সূচী অনুযায়ী অনুষ্ঠিত হবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতরের পরিচালক (ভারপ্রাপ্ত) মোঃ ফয়জুল করিম মঙ্গলবার সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছেন।

উন্মুক্ত বিশ্ববিদ্যালয়